দৈনিক সংবাদ

NOV 16 2001
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো এখন অস্ত্রভাণ্ডার

## ❑ সর্বশেষ চালান এসেছে বুধবার রাতে

মোশতাক আহমেদ ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো এখন বড় ধরনের অস্ত্রভাণ্ডারে পরিণত হয়েছে। হলগুলোতে একে ৪৭, স্টেনগানসহ দুই শতাধিক আগ্নেয়াস্ত্র রয়েছে। গত বুধবার রাতেও ক্যাম্পাসে একটি আগ্নেয়াস্ত্রের চালান এসেছে বলে একটি সূত্রে জানা গেছে। ছাত্রদলের এক নেতা বলেছে, হলগুলোতে যেসব অস্ত্র রয়েছে তাতে পুলিশকে ট্রাক দিয়ে অস্ত্র নিতে হবে।

নির্বাচনে বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোট বিজয়ী হওয়ার পরদিন (২রা অক্টোবর) ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৩টি হল দখল করে নেয়। গত মঙ্গলবার জহুরুল হক হল দখলের মধ্য দিয়ে সবক'টি হলে তাদের দখল সম্পন্ন হয়। এ সময় ছাত্রদলের বিভিন্ন গ্রুপ অস্ত্রসহ বিভিন্ন হলে অবস্থান নিতে থাকে। এরপর হল দখলকে কেন্দ্র করে ছাত্রদলের মধ্যে অভ্যন্তরীণ কোন্দল দেখা দিতে থাকে এবং ক্যাম্পাসে এ নিয়ে কিছুদিন আগে আসাদ গ্র[ুপ] ও মামুন গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধও হয়েছে। এ সময় থেকে হলগুলোতে ব্যাপক অস্ত্র আসতে থাকে। ক্যাম্পাসে মূলত তিন[টি] প্রধান গ্রুপ থাকলেও এ তিনটি গ্রুপ থেকে আবার কয়েকটি সেমি[-]গ্রুপ হয়েছে। প্রধান তিনটি গ্রুপ হচ্ছে ছাত্রদল সভাপতি নাসি[র]উদ্দিন পিন্টু এমপি সমর্থিত পিন্টু গ্রুপ, সাধারণ সম্পাদ[ক] সাহাবুদ্দীন লাল্টু সমর্থিত লাল্টু গ্রুপ ও মনির হোসেন সমর্থি[ত] মনির গ্রুপ। এ তিনটি গ্রুপের মধ্যে সেমি-গ্রুপ হচ্ছে মামুন গ্রুপ, আসাদ গ্রুপ,

হল ঃ পৃঃ ২ কঃ ১

### হল ঃ অস্ত্রভাণ্ডার

(১ম পৃষ্ঠার পর)

টিটু-খোকন-শিপ[ন] গ্রুপ, টুকু গ্রুপ, বরিশাল গ্রুপ, ফরহা[দ] হোসেন আজাদ গ্রুপ, টাঙ্গাইল গ্রুপ সেমি-গ্রুপগুলোই এখন হলগুলো নিয়ন্ত্র[ণ] করছে। জানা গেছে, মামুন গ্রুপ নিয়ন্ত্রিত সূর্যসেন হলে কাটা রাইফেল, নাইন এমএম দোনলা বন্দুক, থ্রি টু রিভলভার, চাইনিজ রিভলভার, ৩২ বোরসহ ২০/ ২৫টি আগ্নেয়াস্ত্র রয়েছে। এ হলে জুনিয়র পর্যায়ে নেতৃত্ব দিচ্ছে ফরহাদ ও নীরব। বরিশাল গ্রুপের হারুন অর রশীদ শিশির নিয়ন্ত্রিত

---

পুলিশ পাহারা নিয়ে চলাচল করে। প্রাইভেট ক্যাব চলাচল করেনি বললেই চলে। তবে প্রায় স্বাভাবিক। হরতালের সময় বরাবরের ক[া] মহানগরী অনেকটা রিক্শার নগরীতে পাট আংশিক খোলা ছিল। ব্যাংক ও অফিস-[আদাল]ল স্বাভাবিক।

[সকাল] থেকেই বাম গণতান্ত্রিক ফ্রন্টের বিভিন্ন দল [সং]গঠন নগরীর গুরুত্বপূর্ণ পয়েন্টসহ পল্টন, বিজয়নগর এলাকায় পিকেটিং শুরু করে। স্পটে পিকেটাররা সক্রিয় ছিল। ফলে মেজাজ বুঝতে পারেন নগরবাসী। মিরপুর,

হরতাল ঃ পৃঃ ২ কঃ ২

## ৪ঠা ডিসেম্বর বাম ফ্রন্টের অসহযোগ ও বিক্ষোভ সমাবেশ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল হরতালের সমর্থনে তেল-গ্যাস রক্ষা কমিটি প্রেসক্লাবের সামনে একটি সমাবেশের আয়োজন করে। এতে প্রকৌশলী শেখ মো. শহীদুল্লাহ ও শ্রমিক নেতা আসলাম খান বক্তব্য রাখেন। সকাল সাড়ে ১১টায় প্রেসক্লাবের সামনে হরতালের সমর্থনে বিপ্লবী ঐক্যফ্রন্টের একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। পৌনে ১২টায় মুক্তিযোদ্ধা সংগ্রাম পরিষদের একটি মিছিল প্রেসক্লাবে আসে। জোট নেতা ফয়জুল হাকিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন উজ্জ্বল বালো, ফরহাদ হোসেন, মুজতবা হাকিম প্লেটো, আবেদ, গুলরুখ প্রমুখ।

সকাল সাড়ে ১১টায় মুক্তাঙ্গনে বাম গণতান্ত্রিক ফ্রন্টের একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ থেকে তেল- গ্যাস রপ্তানির বিরুদ্ধে জনগণকে সচেতন করে তোলার লক্ষ্যে আগামী ২০শে নভেম্বর থেকে ৩রা ডিসেম্বর পর্যন্ত দেশব্যাপী প্রচার-প্রচারণা ও গণসংযোগ এবং ৪ঠা ডিসেম্বর অসহযোগ ও বিক্ষোভ সমাবেশের কর্মসূচি ঘোষণা করা হয়।

এদিকে বাম গণতান্ত্রিক ফ্রন্টের হরতাল পালনকালে পাবনায় বিডিআর কর্তৃক